

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮-২৪

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জেলার কর্মবিনিয়োগ কেন্দ্রে কর্মসংস্থান শিবির

বেসরকারি সংস্থায় রাজ্যে চাকরিপ্রার্থীদের কর্মসংস্থানের লক্ষ্যে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলা কর্মবিনিয়োগ কেন্দ্রে এক কর্মসংস্থান শিবিরের আয়োজন করা হয়। কর্মসংস্থান শিবিরটি সকাল ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলে।

আগরতলার মডেল ক্যারিয়ার সেন্টার কর্মবিনিয়োগ ও জনশক্তি পরিকল্পনা দপ্তরের আওতাধীন জেলা কর্মবিনিয়োগ কেন্দ্রের একটি উন্নত সংস্করণ। ভারত সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের ন্যাশনাল ক্যারিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় এই কেন্দ্রটি স্থাপিত হয়েছিল ২০১৬ সালে। তখন থেকে এই কেন্দ্র বিভিন্ন কর্মসংস্থান শিবির, ক্যারিয়ার কাউন্সেলিং, বৃত্তিমূলক পরামর্শ, প্রশিক্ষণ ইত্যাদি পরিষেবা দিয়ে আসছে।

উল্লেখ্য, গতকালের শিবিরে মোট ২৩৩ জন চাকরি প্রার্থী অংশগ্রহণ করেছেন। শূন্যপদের সংখ্যা ছিল ৫১৭। বার্বেকিউ ন্যাশন হসপিটালিটি লিমিটেড (দেশের বিভিন্ন স্থানের জন্য), অ্যাপোলো টায়ার্স হেলথকেয়ার সেন্টার (জিরানীয়ার মাধববাড়িতে তাদের হেলথ কেয়ার সেন্টারের জন্য) এবং প্রোগ্রেসিভ অটোমোবাইলস প্রাইভেট লিমিটেড (টাটা মোটরস) ত্রিপুরাতে নিয়োগের জন্য এই কর্মসংস্থান শিবিরে চাকরি প্রদান করার জন্য উপস্থিত ছিল। এক মাসের মধ্যে কোম্পানিগুলি নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা জানাবেন।

ত্রিপুরা সরকারের কর্মবিনিয়োগ ও জনশক্তি পরিকল্পনা দপ্তর থেকে এক প্রেস রিলিজে এ সংবাদ জানানো হয়েছে।
